জুলাই ঘোষনাপত্র প্রকাশের দাবীতে নরসিংদীতে লিফলেট বিতরণে সমন্বয়ক সারজিস আলম

হলধর দাস, নরসিংদী – ৭ দফা দাবী সম্বলিত জুলাই ঘোষনাপত্র প্রকাশের দাবী এবং জনমত গঠনে নরসিংদীতে লিফলেট বিতরণ করা হয়েছে । লিফলেট বিতরণ করেছেন বৈষম্যবিরোধী আন্দোলনের অন্যতম সমন্বয়ক সারজিস আলম। বুধবার (৮ জানুয়ারী) দুপুরে ঢাকা—সিলেট মহাসড়কের নরসিংদীর শিবপুর উপজেলার ইটাখোলা মোড় থেকে লিফলেট বিতরণ কার্যক্রম শুরু করেন সারজিস আলম ও তার দল।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির আয়োজনে এসময় নরসিংদী ও শিবপুরের শত শত সমন্বয়ক শিক্ষার্থী—জনতা অংশ নেয় এই কর্মসূচীতে।

ইটাখোলা মোড়ে এক সংক্ষিপ্ত বক্তব্যে সারজিস আলম বলেন, জুলাই শহীদদের রাষ্ট্রিয় স্বীকৃতি, তাদের সরকারী খরচে চিকিৎসা, আওয়ামী খুনী ও দোষরদের বিচার করতে হবে। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্ব পরিস্কারভাবে উল্লেখসহ আমরা ৭ দফা যৌক্তিক দাবী জানিয়েছি। জুলাই ঘোষণাপত্র ঘোষণার জন্য আমরা ১৫ দিনের সময়সীমা বেধে দিয়েছি। দ্রুত সময়ের মধ্যে রাষ্ট্র এই ঘোষণাপত্র বাস্তবায়ন করবে বলে আমরা প্রত্যাশা করি । নরসিংদী জেলা সদর ও শিবপুরসহ বিভিন্ন স্থানে লিফলেট বিতরণ কার্যক্রমে অংশগ্রহণ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির সদস্যবৃন্দ।